# যুগান্তর



## আকিজ-মনোয়ারা ট্রাস্টের শিক্ষাবৃত্তি বিতরণ

আকিজ-মনোয়ারা ট্রাস্টের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৬২ জন নিয়মিত শিক্ষার্থীকে মাসিক ৫ হাজার টাকা করে এক বছরের শিক্ষাবৃত্তি দেওয়ার জন্য মনোনীত করেছে। এ উপলক্ষ্যে ৬ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে শিক্ষাবৃত্তি বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এছাড়াও উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, রেজিস্ট্রার, ট্রেজারার, আকিজ-মনোয়ারা ট্রাস্টের ট্রাস্টি মনোয়ারা বেগম, নির্বাহী পরিচালক সাজমিন সুলতানা এবং অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

# মানবকণ্ঠ



## আকিজ-মনোয়ারা ট্রাস্টের শিক্ষাবৃত্তি প্রদান

আকিজ-মনোয়ারা ট্রাস্টের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৬২ জন নিয়মিত শিক্ষার্থীকে মাসিক ৫,০০০ টাকাকরে এক বছরের জন্য শিক্ষাবৃত্তি প্রদানের জন্য মনোনীত করেছে। শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানটি গত সোমবার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এছাড়াও উপ-উপাচার্য (প্রশাসন), উপ-উপাচার্য (শিক্ষা), রেজিস্ট্রার, ট্রেজারার, আকিজ-মনোয়ারা ট্রাস্টের ট্রাস্টি মিসেস মনোয়ারা বেগম, নির্বাহী পরিচালক সাজমিন সুলতানা, এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। আকিজ-মনোয়ারা ট্রাস্ট দীর্ঘদিন ধরে স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান বৃদ্ধি, কারিগরি প্রশিক্ষণ শিক্ষা, দুর্যোগকালীন সহায়তা এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

—সংবাদ বিজ্ঞপ্তি

# দৈনিক বাংলা




## রোকেয়া দিবসে ঢাবিতে বর্ণাঢ্য র‍্যালি

ঢাবি প্রতিনিধি

রোকেয়া দিবস উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) রোকেয়া হলে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়েছে। গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান র‍্যালিতে নেতৃত্বে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলাম এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেন।

এতে বলা হয়, রোকেয়া দিবস উপলক্ষে র‍্যালিতে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। এর আগে উপাচার্য হল প্রাঙ্গণে বেগম রোকেয়ার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## নয়া দিগন্ত



### ঢাকা বিশ্ববিদ্যালয়ে শীতকালীন বইমেলা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের পায়রা চত্বরে ৩ দিনের শীতকালীন বইমেলা শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃহস্পতিবার এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মেলা উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় দাওয়াহ সার্কেল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ কালচারাল ক্লাব যৌথভাবে এ মেলার আয়োজন করে।

বইমেলার আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মোঃ শামছুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ ছানাউল্লাহ এবং সহকারী প্রক্টর ড. মুহাঃ রফিকুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি।

## যায়যায়দিন



### ঢাবিতে শীতকালীন বইমেলা শুরু

■ ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র-শিক্ষক কেন্দ্রের পায়রা চত্বরে ৩-দিনব্যাপী শীতকালীন বইমেলা শুরু হয়েছে। ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃহস্পতিবার বইমেলা উদ্বোধন করেন। ঢাবির দাওয়াহ সার্কেল এবং ইসলামিক স্টাডিজ কালচারাল ক্লাব যৌথভাবে মেলার আয়োজন করে।

বইমেলার আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শামছুল আলম, ঢাবির প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. ছানাউল্লাহ এবং সহকারী প্রক্টর ড. মুহা. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য বলেন, 'জ্ঞান চর্চা, জ্ঞান সৃষ্টি ও জ্ঞান বিতরণ বিশ্ববিদ্যালয়ের মৌলিক কাজ। বই পড়ার মাধ্যমেই জ্ঞানের সমৃদ্ধি ঘটে। বইপড়ার প্রতি শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে বইমেলা কার্যকর ভূমিকা রাখতে পারে। জ্ঞান চর্চা অব্যাহত রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, বইমেলা আয়োজনের মতো উদ্যোগকে সমাজে ছড়িয়ে দিতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।'

প্রসঙ্গত, বইমেলায় ২৩টি প্রকাশনী সংস্থার স্টল স্থান পেয়েছে। আগামী ১১ জানুয়ারি মেলা শেষ হবে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা উন্মুক্ত থাকবে।

## ইত্তেফাক

### ঢাবিতে শীতকালীন বইমেলা শুরু

#### চলবে তিন দিন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের পায়রা চত্বরে তিন দিনব্যাপী শীতকালীন বইমেলা শুরু হয়েছে। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই মেলা উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জ্ঞানচর্চা, জ্ঞানসৃষ্টি ও জ্ঞান বিতরণ বিশ্ববিদ্যালয়ের মৌলিক কাজ। বই পড়ার মাধ্যমেই জ্ঞানের সমৃদ্ধি ঘটে।

বইমেলার আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামছুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন মো. আহমদ, আরবি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. ছানাউল্লাহ এবং সহকারী প্রক্টর ড. মুহা. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় দাওয়াহ সার্কেল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামিক স্টাডিজ কালচারাল ক্লাবের যৌথ আয়োজনে এই বইমেলায় ২৩টি প্রকাশনী সংস্থার স্টল স্থান পেয়েছে। আগামী ১১ জানুয়ারি-২০২৫ এই মেলা শেষ হবে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা উন্মুক্ত থাকবে।

## The New Nation

### Dhaka University hosts three-day Winter Book Fair at TSC

UNB

A three-day winter book fair has been organized at the Teacher-Student Centre (TSC) of Dhaka University, jointly hosted by the Dawah Circle and the Islamic Studies Culture Club of the university.

The fair was inaugurated on Thursday at 10:30am by Dhaka University Vice-Chancellor, Professor Dr. Niaz Ahmed Khan, who was joined by prominent guests, including Islamic Arabic University Vice-Chancellor Md. Shamsul Alam and Dhaka University Proctor Dr. Saifuddin Ahmed.

In his opening remarks, Professor Dr. Niaz Ahmed Khan underscored the university's role in advancing knowledge. "The primary task of a university is to promote the pursuit of knowledge and spread it across all levels of society. Events like this align with that mission, and students should seize this opportunity for learning," he said.

Md. Shamsul Alam commended the initiative, emphasizing its significance. "This is a welfare-oriented initiative, and we should all support such efforts," he remarked.

Proctor Dr. Saifuddin Ahmed highlighted the novelty of the event, saying, "This kind of practice was not common before. While academic books are important, exploring other types of literature is equally crucial. This fair serves as a warm-up for the upcoming book fair in February."

Following the inauguration, the distinguished guests visited the 20 stalls set up at the fair, representing various publishers. Students were seen actively participating as the event began, exploring a wide range of books available.

## আমাদের সময়



ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হলে গতকাল থেকে শুরু হয়েছে জাতীয় বিতর্ক উৎসব ● আমাদের সময়

# ঢাবিতে চার দিনব্যাপী বিতর্ক উৎসব শুরু

ঢাবি প্রতিবেদক ●

'তর্কে-স্লোগানে মুক্তির তোরণে' এই প্রতিপাদ্য সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) স্যার এ এফ রহমান হলে শুরু হয়েছে চার দিনব্যাপী জাতীয় বিতর্ক উৎসব। হলটির বিতার্কিকদের সংগঠন স্যার এএফ রহমান হল ডিবেটিং ক্লাব 'প্রথম মুক্তি ও গণতন্ত্র জাতীয় বিতর্ক উৎসব-২০২৫' শীর্ষক এই উৎসবের আয়োজন করেছে।

গতকাল বৃহস্পতিবার হল মিলনায়তনে উৎসবটি উদ্বোধন করেন হলের প্রাধ্যক্ষ কাজী মাহফুজুল হক সুপণ। উৎসবের প্রথম দিনে ঢাকা ও ঢাকার বাইরে

**মিডিয়া পার্টনার**
**দৈনিক আমাদের সময়**

থেকে স্কুল-কলেজ পর্যায়ে ২৮টি প্রতিষ্ঠানের ৪০০ শিক্ষার্থী বিতর্কে অংশগ্রহণ করছেন। এ দিন স্কুল-কলেজ বিতর্কের প্রথম ও দ্বিতীয় রাউন্ড, কোয়ার্টার ফাইনাল ও সেমিফাইনাল অনুষ্ঠিত হয়েছে। স্কুল-কলেজ পর্যায়ে প্রতিষ্ঠানগুলো হলো- ঢাকা কলেজ, সরকারি বাংলা কলেজ, বিএফ শাহীন কলেজ (কুর্মিটোলা), ডিবেটারস কমিউনিটি অব বাংলাদেশ, তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা (টঙ্গী), আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, কবি নজরুল সরকারি কলেজ, তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা, শহীদ পুলিশ স্মৃতি কলেজ, যশোর জিলা স্কুল, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, রাজউক উত্তরা মডেল কলেজ, বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ পাবলিক কলেজ, সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মতিঝিল গভর্নমেন্ট বয়েস হাই স্কুল ও বিএফ শাহীন কলেজ (ঢাকা)।

উৎসবটির দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয় পর্যায়ের ৩২টি ক্লাব অংশগ্রহণ করবে। এ দিন বিশ্ববিদ্যালয় ■ পৃষ্ঠা ৯, কলাম ৬

## ঢাবিতে চার

(তৃতীয় পৃষ্ঠার পর) বিতর্কের প্রথম ও দ্বিতীয় রাউন্ড, কোয়ার্টার ফাইনাল ও সেমিফাইনাল অনুষ্ঠিত হবে। তৃতীয় দিনে স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতার্কিকদের ফাইনাল বিতর্ক শেষে পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান হবে। চতুর্থ দিনে স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের সব বিতার্কিকদের গেট টুগেদার অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে হল ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক হুজ্জাতুল ইসলাম বলেন, দীর্ঘদিনের পরিক্রমায় যখন হায়েনার থাবায় রাষ্ট্রের সমস্ত প্রতিষ্ঠান কণ্ঠরুদ্ধ হয়ে পড়ে, তখনও একটি উল্লেখযোগ্য স্থান ছিল যেখানে যৌক্তিকতা, বুদ্ধিবৃত্তি এবং মুক্তচিন্তার মাধ্যমে বাকস্বাধীনতার চর্চা অব্যাহত ছিল। সেই স্থানটি ছিল বিতর্কের মঞ্চ। এই মঞ্চ এমন একটি স্থান, যেখানে বিতার্কিকরা তাদের চিন্তা, যুক্তি ও মত প্রকাশের স্বাধীনতা নিয়ে নির্ভয়ে দাঁড়ায়।

এ আয়োজনের সার্বিক সহায়তায় প্রাউড স্পন্সর হিসেবে ছিল- ফরচুন ট্রাভেলস লিমিটেড ও ইসলামি ব্যাংক। মিডিয়া পার্টনার দৈনিক আমাদের সময়।